কুষ্টিয়ার খোকসায় ভেজাল গুড় তৈরির কারখানায় অভিযানে ২জনের কারাদন্ড

কুষ্টিয়ার খোকসায় অবৈধ রং, ফিটকিরি, চিটাগুড় মিশিয়ে আখের ভেজাল গুড় তৈরির কারখানায় অভিযান চালিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

শনিবার রাতে অনুসন্ধানের ভিত্তিতে খোকসা উপজেলা সদরের ডাকবাংলো মোড়ে দিলীপ ট্রেডার্স নামের ওই ভেজাল আখের গুড় তৈরির কারখানায় অভিযান চালানো হয়।

কারখানার মালিক সুকৌশলে পালিয়ে গেলেও কারখানার দুই কর্মচারীকে প্রত্যেককে এক মাসের কারাদন্ড প্রদান করেন আদালতের বিচারক নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহকারী কমিশনার মো: সবুজ হাসান।

দন্ডপ্রাপ্ত কর্মচারীরা হলো খোকসা ইউনিয়নের রতনপুর গ্রামের রশিদ হোসেনের ছেলে রেজউল ইসলাম ও রব্বান শেখের ছেলে রশিদ হোসেন জাহাঙ্গীর।

আদালত সূত্র জানায়, নিম্নমানের চিনির সঙ্গে মানবদেহের জন্য ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য রং, ফিটকিরি, চিটাগুড় মিশিয়ে আখের গুড় তৈরির সময় হাতেনাতে তাদের আটক করা হয়। এসময় ওইসব পণ্য জব্দ ও ভেজাল গুড় ধ্বংস করেন আদালত।এসময় ফায়ার সার্ভিসের সহায়তায় কারখানার চুল্লীগুলো নেভানো হয়।

অভিযান পরিচালনাকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট মো: সবুজ হাসান জানান, দীর্ঘদিন ধরে এই প্রতিষ্ঠানটি নকল গুড় উৎপাদন করে আসছে, এমন অভিযোগের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। আটক কারখানার দুই কর্মচারীকে ভোক্তা সংরক্ষন আইন২০০৯ এর ৪৩ ও ৫২ ধারা মোতাবেক এক মাসের কারাদন্ড প্রদান করা হয়।

তিনি আরও জানান, ভেজাল গুড় তৈরির কেমিক্যাল উদ্ধার করা হয়। কারখানা থেকে নিম্ন মানের চিনি, ফিটকিরি ও বিভিন্ন ধরনের ক্ষতিকর কেমিকেলসহ প্রচুর পরিমাণ ভেজাল গুড় জব্দ করা হয়। পরে ভেজাল গুড় তৈরির এসব উপকরণ ধ্বংস করা হয়।

অভিযানে সহায়তা করেন কুষ্টিয়া র্যার ১২ এর ইস্কাটন লিডার মোহাম্মদ ইলিয়াস খানসহ আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

উল্লেখ্য, দীর্ঘদিন চক্রটি খোকসা উপজেলার বিভিন্ন এলাকায় আখের ভেজাল গুড় তৈরি করে দেশব্যাপী বাজারজাত করে আসছে। বিভিন্ন সময়ে এদের একাধিক কারখানায় অভিযান চালিয়ে তাদের বিরুদ্ধে ভেজাল খাদ্যদ্রব্য উৎপাদনের অভিযোগে জেল জরিমানা করার পরেও তারা আবার শুরু করে এই ভেজাল কর্মকান্ড।

শৈলকুপায় আসামীকে বাদীর ছুরিকাঘাত,প্রতিবাদে মহাসড়ক অবরোধ

ঝিনাইদহের শৈলকুপায় বাদীর লোকজন এক আসামীকে ছুরিকাঘাতে আহত করেছে। এরপর ঘটনাস্থলে থাকা শৈলকুপা থানার এক এসআই ও পুলিশ সদস্যসহ ৩ জনকে ঘেরাও করে এলাকাবাসি সেইসাথে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়ক অবরোধ করে তারা।
জানা যায়, গত শুক্রবার বিকেলে শৈলকুপার গাড়াগঞ্জ এলাকায় ফুটবল খেলাকে কেন্দ্র করে হাবিবপুর গ্রামের মজিদ শেখের ছেলে আশা ছুরিকাঘাতে আহত হয় । এঘটনায় আশার পরিবার গাড়াগঞ্জ-মহেশপুরের সজিবুল ও তার পিতা আশরাফুল সহ কয়েকজনের বিরুদ্ধে থানায় একটি অভিযোগ দায়ের করে।
এলাকাবাসিরা জানায়,ঘটনার পরদিন শনিবার রাত ৯-৩০ টার দিকে থানার এসআই সাজ্জাদ হোসেন সহ কয়েকজন সাদা পোষাকে অভিযুক্তদের ধরতে গাড়াগঞ্জ যায়, সে সময় বাদীপক্ষের লোকজনও হাজির হয় এরপর গাড়াগঞ্জ স্ট্যান্ডে বসে থাকা আশরাফুলকে পেয়ে বাদিপক্ষের লোকজন মারধর ও ছুরিকাঘাত করে। এই ঘটনাকে কেন্দ্র করে ঘটনাস্থলে উত্তেজনা বাড়ে।এরপর সাদা পোশাকধারী এসআই সাজ্জাদ পুলিশ পরিচয় দেয়। ঘটনাস্থল থেকে বাদীপক্ষের লোকজন পালিয়ে গেলেও এসআই সাজ্জাদ, কনস্টেবল রাশেদ ও বাদীপক্ষের হাফিজকে ঘিরে রাখে ক্ষুব্ধ

এলাকাবাসী এবং তারা বিক্ষোভ দেখাতে থাকে ।
গাড়াগঞ্জ বাস ষ্ট্যান্ডের বাসিন্দা সজল বলেন,পুলিশের উপস্থিতিতে এমন হামলার ঘটনায় আমরা হতবাক হয়েছি। আমরা দোষীদের শাস্তি দাবী করছি।
ঘটনার প্রতিবাদে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে আগুন জ্বালিয়ে অবরোধ করে বিক্ষুব্ধ এলাকাবাসী। প্রায় ৩০ মিনিট সড়ক অবরোধের পরে সহকারী পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) আরিফুল ইসলাম ও শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম ঘটনাস্থলে পৌঁছে আইনানুগ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিলে এলাকাবাসী সড়ক অবরোধ তুলে নেয়। পরে হাফিজ, পুলিশের এসআই সাজ্জাদ এবং কনস্টেবলকে উদ্ধার করে নিয়ে যায় পুলিশ। এ ব্যাপারে শৈলকুপা থানা ওসি জাহাঙ্গীর আলম বলেন, অভিযোগের ভিত্তিতে বাদীপক্ষের হাফিজ নামের একজনকে আটক করা হয়েছে, মামলা শেষে তাকে কোর্টে সোপর্দ করা হব্।◌ে

।

কল দিলেই অসহায় মানুষের বাড়িতে খাবার পৌছে দিচ্ছে ইউনিভার্সাল এমিটিঃ

ফোনের কল পেয়ে অসহায় দুস্থ মানুষের বাড়িতে বাড়িতে খাবার পৌছে দিচ্ছে ইউনিভার্সাল এমিটি ফাউন্ডেশন

আজ রবিবার সকাল থেকে একযোগে ফোনের কল পেয়ে বাড়িতে বাড়িতে খাবার পৌছে দিয়েছে।
ইউনিভার্সাল এমিটির চেয়ারম্যান মেহেদী হাসান হিরোর নির্দেশনায় কাজ করে চলেছে এক ঝাক তরুন প্রজন্ম।বর্তমানে এই মহামারী করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবে কোন অসহায় মানুষ লকডাউন চলা অবস্থায় যেন না খেয়ে থাকে সেই জন্য চালু করেছে হটলাইন খাবার ব্যাবস্থা ফোনে কল পেলেই পৌছে দিবে খাবার। এমন উদ্যোগ কে সাধুবাদ জানিয়েছেন সমাজের বিত্তশালী মানুষ ও সুশীল সমাজ।

এ বিষয়ে ইউনিভার্সাল এমিটির সদস্য একজন বনবতার সেবক রুবেল হোসেন জানান আমরা এই মহামারীর সময় ধাপে ধাপে মানুষ কে সহযোগীতা করে আসছি। এবং দেখেছে এমন কিছু পরিবার আছে যারা না খেয়ে থাকে কিন্তু কারর দারে যেতে পারে না।তাই ফোনের মাধ্যোমে খাবার পৌছে দেওয়ার ব্যাবস্থা করেছি যাতে করে সকলেই বলতে পারে। আর এটার আমাদের মুলত উদ্দেশ্য।

এ বিষয়ে ফিরোজ মিয়া জানান আমারা জনগন কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাস্ক হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেছি। সাথে আমাদের কলের মাধ্যেমে চলছে খাবার বিতরণ।
এ সময় আরো উপস্থিত ছিলেন ইউনিভার্সাল এমিটি ফাউন্ডেশনের এক নিষ্ঠ সদস্য ও উজলপুর মাধ্যামিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ইমরান হোসেন।পাভেল হোসেন, মানিক সহ আরো সদস্য বৃন্দ।

চুয়াডাঙ্গা থানা পুলিশের অভিযানে ভুয়া পুলিশ সদস্য আটক

চুয়াডাঙ্গায় বিভিন্ন স্থান থেকে পুলিশ সেজে মানুষের কাছ থেকে টাকা মোবাইলফোনসহ বিভিন্ন আনুষঙ্গিক জিনিসপত্র হাতিয়ে নেওয়া ভুয়া পুলিশ সদস্যদের গ্রেফতার করেছে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশ।

শনিবারে রাত দেড়টার সময় ঝিনাইদহ ও মহেশপুর এলাকা থেকে এসব ভুয়া পুলিশ সদস্যদের গ্রেফতার করে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের একটি দল। এসময় তাদের কাছে থাকা একটি মোটরসাইকেল একটি খেলনা পিস্তল পাঁচটি মোবাইল ফোনসহ মোবাইলের অনেকগুলো কভার উদ্ধার করা হয় ।

বিষয়টি নিশ্চিত করে চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ জাহাঙ্গীর আলম সাংবাদিকদের এক প্রেস ব্রিফিংয়ের মাধ্যমে বলেন আটককৃতরা হলেন মোঃ ইসমাইল খান আরিফ (৩০)পিতা মোঃ আনছার আলী ও তার প্রধান সহযোগী উত্তমকুমার (২৯)কে গ্রেফতার করা হয়। গত ১৭ জুলাই রাত সাড়ে আটটার সময় মোটরসাইকেলযোগে ৪ জনের একটি দল পুলিশ পরিচয় চুয়াডাঙ্গা সদর থানাধীন উক্ত গ্রামের রাস্তার পাশে মোবাইলে ফ্রি ফায়ার লুডু গেমস খেলা রত অবস্থায়

কতিপয় যুবক ও কিশোরদের আটক করে তাদের কাছে থাকা সব মোবাইল ছিনতাই করে নেয় এবং স্থানীয় মেম্বার এর কাছ থেকে মোবাইল গুলো পড়ে নিয়ে আসতে বলেন। পুনরায় তারা ২৬ শে জুলাই একই সময়ে চুয়াডাঙ্গা সদর থানাধীন ভুলটিয়া ও কিরোন গাছি এলাকায় ভুয়া পুলিশ সেজে একইভাবে কথিত ভুয়া অভিযান করে সর্বমোট আরও তিনটি মোবাইল কেড়ে নেয় তারা।

বিষয়টি চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলামের নখদর্পণে আসলে তিনি চুয়াডাঙ্গা থানা পুলিশের নির্দেশনা দেন যেকোন মূল্যেই তাদেরকে গ্রেপ্তার করতে হবে এবং গতকাল মধ্যরাতে চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার মোঃ জাহাঙ্গীর আলম (সদর সার্কেল) নির্দেশনায় চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খানের নেতৃত্বে ইন্সপেক্টর মোঃ একরামুল হোসেন, এসআই সামিম হাসান, এসআই হাসানুজ্জামান সমন্বয়ে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের একটি চৌকস টিম তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ঝিনাইদহ ও মহেশপুর এলাকার পৃথক পৃথকভাবে অভিযান পরিচালনা করে এই গ্যাং নেতৃত্ব প্রদানকারী প্রধান আসামি মোঃ ইসমাইল খান আরিফ ও তার সহযোগী উত্তম কুমার সহ তাদের অপরাধ কর্মকাণ্ডে লিপ্ত একটি মোটরসাইকেল ও একটি খেলনা পিস্তলসহ পাঁচটি মোবাইল উদ্ধার করা হয়। তিনি আরো বলেন, চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন স্থান হতে ছিনতাই করা আরো মোবাইল উদ্ধারের জন্য আটককৃত আসামিদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে এবং বাকি সদস্যদের গ্রেপ্তার করার জন্য অভিযান চালানো হচ্ছে।

গাংনীর বামন্দি বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুই কাপড় ব্যবসায়ীকে জরিমানা

গাংনী উপজেলার বামন্দি বাজারের নজরুল টাওয়ারে অভিযান চালিয়ে হাসান আলী ও সেলিম রেজা নামের দুই কাপড় ব্যবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ (১আগষ্ট) রবিবার দুপুরে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারি কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুল আলম।

এসময় বামন্দি বাজারের জালাল ট্রেডার্সের মালিক হাসান আলী ও সেলিম রেজার দুটি কাপড়ের দোকান ক্রেতাসহ খোলা অবস্থায় পাওয়া যায়। দুটি দোকানকেই দন্ড বিধি, ১৮৬০ এর ২৬৯ ধারা অনুসারে ২৫০০ টাকা করে মোট ৫০০০ টাকা জরিমানা করা হয়।

গাংনী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলমের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে সার্বিক সহায়তা প্রদান করে বাংলাদেশ সেনাবাহিনীর ২৭ ফিল্ড রেজিমেন্টের লেফটেন্যান্ট সাদমান, বামুন্দি পুলিশ ক্যাম্পের আইসি ও তাদের টিম।

মুজিবনগরে গাজাসহ মাদক ব্যাবসায়ী আটক

মুজিবনগরে ২’শ গ্রাম গাজা সহ সুমন মন্ডল (২০) নামের একজন মাদক ব্যবসায়ীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের একটি বন্ধ চায়ের দোকান থেকে গাজা বিক্রি করা অবস্থায় তাকে আটক করা হয়।
আটককৃত সুমন মন্ডল একই গ্রামের শান্তু মন্ডলের ছেলে।

মুজিবনগর থানার অফিসার ইনজার্জ আব্দুল হাশেম জানান, সুমন মন্ডল গাজা বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই মোমিনুর রহমান,এএসআই নাজমুল ও এএসআই আক্তারসহ পুলিশের একটি টিম সেখানে অভিযান চালায়।অভিযান চলাকালীন সময়ে বল্লভপুর পূর্ব পাড়া পিটার খা এর বন্ধ চায়ের দোকানে গাজা বিক্রির উদ্যেশে বসে থাকতে দেখে তার কাছে তল্লাশী করে একটি কাগজের মধ্যে ২’শ গ্রাম গাজা পাওয়া যায়।

পরে তাকে আটক করে মুজিবনগর থানায় নিয়ে আসা হয়। আটককৃত সুমনের নামে মাদকের মামলা দিয়ে রবিবার দুপুরে আদালতের মাধ্যমে কারাগারে

পাঠানো হবে বলেও জানিয়েছে ওসি আব্দুল হাশেম।

মুজিবনগরে আগষ্টের বিভিন্ন দিবস পালনে প্রস্তুতি সভা

মুজিবনগরে ৫ আগষ্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামালের ৭২ তম জন্মবার্ষীকি ও ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস পালনে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন।
রবিবার সকালে এ উপলক্ষে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম,উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, সমাজসেবা অফিসার আব্দুর রব, মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি অফিসার মিরাজুল ইসলাম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজসহ উপজেলা পরিষদের কর্মকর্তাবৃন্দ, মুক্তিযোদ্ধাগন ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় আগষ্টের বিভিন্ন দিবস যথাযথ মর্যাদায় পালনের লক্ষে আলোচনা করা হয়।

ঝিনাইদহ জেলা শাখার উদ্যোগে শোকাবহ আগষ্টের প্রথম প্রহরে

মোমবাতি প্রোজ্জ্বলন

বাংলাদেশ ছাত্রলীগ ঝিনাইদহ জেলা শাখার উদ্যোগে শোকাবহ আগষ্টের প্রথম প্রহরে মোমবাতি প্রোজ্জ্বলন করা হয়েছে।

শোকাবহ আগষ্টের প্রথম প্রহর মুজিব চত্বরে রাত ১২◌ঃ০১ মিনিটে মোমবাতি প্রোজ্জ্বলনের মাধ্যমে ভয়াল ১৫ আগষ্টের কালরাত্রি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব সহ নিহত সকলের স্বরণে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।

আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক ও হরিণাকুন্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, জেলা ছাত্রলীগ এর সভাপতি রানা হামিদ ও সাধারণ সম্পাদক আব্দুল আওয়ালসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ ও কর্মীরা।

চুয়াডাঙ্গায় প্যারোলে মুক্তি নিয়ে ছেলের জানাজায় বাবা

দর্শনা সুলতানপুরে সাপের কামড়ে করুন মৃত্যু হলো ৭ বছরের শিশু পুত্র আফ্রিদির। মাত্র ১ দিন আগে ছিনতাইয়ের অভিযোগে গ্রেফতারকৃত বাবা রকিবুল ইসলাম প্যারোলে মুক্তি নিয়ে ছেলের জানাযা ও দাফনে অংশ নিলেন।

দামুড়হুদার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের সুলতানপুর মসজিদপাড়ার রকিবুল ইসলাম রকিবের ৭ বছর বয়সি ছেলে আফ্রিদি গত শুক্রবার সন্ধ্যা ৭ টার দিকে কবুতরের ঘরের দরজা লাগাতে গেলে বিষাক্ত সাপে দংশন করে।

এ সময় তার মা সহ পরিবারের সদস্যদের জানালে তারা সেভাবে গুরুত্ব দেয়নি। ফলে রাতভর মৃত্যু যন্ত্রনা ভোগ করে ভোর ৪ টার দিকে মারা

যায় আফ্রিদি।

মাত্র ১ দিন আগে জেল হাজতে যান রকিব। ছেলের মৃত্যুতে শনিবার বিকাল ৩ টার দিকে প্যারোলে মুক্তি পেয়ে কড়া পুলিশি প্রহরায় সুলতানপুর আসেন রকিব। পায়ে বেড়ি পরিহিত রকিব ছেলের জানাযার নামাজ ও দাফনে অংশ নেন।

এ সময় এক হৃদয় বিদারক অবস্থার সৃস্টি হয়।।

দর্শনায় ছুরিকাঘাতে একজন খুন! আহত-৪

দর্শনার ঈশ্বরচন্দ্রপুরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনা ঘটেছে। পিতাকে কটুক্তি করায় ছুরি দিয়ে আঘাত করে শহিদুল নামের একজনকে হত্যা করে পালিয়েছে অভিযুক্ত সুজন। এ ঘটনায় আরও ৪ জন আহত হয়েছে। আহতদের উদ্ধার করে নেয়া হয়েছে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে। ঘটনাস্থল পরির্দন করেছে পুলিশের কর্মকর্তারা। ঘটনার সাথে জড়িত পুলিশ কাউকে গ্রেফতার করতে না পারলেও গ্রামে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে। নিহত শহিদুলের লাশ ময়না তদন্তের জন্য হাসপাতাল মর্গে রাখা আছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত মামলার প্রস্তুতি চলছিল।

প্রত্যক্ষদর্শিদের কাছ থেকে জানা গেছে, শনিবার দুপুর দেড়টার দিকে দর্শনা পৌর শহরের ঈশ্বরচন্দ্রপুর বড় মসজিদপাড়ার আসানুল ইসলামের ছেলে জাকির হোসেন (১৯) ও একই পাড়ার আমজাদ আলীর ছেলে সুজনের মধ্যে পাপড় ভাজা খাওয়াকে কেন্দ্র করে ঘটে বাক-বিতন্ডার ঘটনা। এর এক পর্যায়ে সুজনের বাবাকে গলা ছিলা ও কান কালা বলে কটাক্ষ করে জাকির। এতে ক্ষিপ্ত হয়ে সুজন দৌড়ে বাড়ি থেকে তার বাবাসহ কয়েকজন ধারালো ছুরি এনে হানা দেয় জাকিরের উপর।

এ সময় জাকিরের চাচা একই পাড়ার শহিদুল ইসলাম ঠেকাতে আসলে তার বুকে স্বজোরে ছুরিকাঘাত করে সুজন। সুজনের ছুরিকাঘাতে আরও রক্তাক্ত জখম হন শহিদুলের ছেলে ইলফাজ (২২), ফরিদ (৩৫) ও জাকির (২০)।